# Vocabulary

## শেখার ব্যতিক্রমী বই

S@ifur's

# Analogy-পিডিয়া

## Saifur Rahman Khan

" যেভাবে **শিখেছি** বাংলা, **সেভাবে** শিখবো **ইংলিশ** "

- **এই যুগান্তকারী পদ্ধতির উদ্ভাবক।**



**Edition** ◻ **2025**
**Published By** ◻ **S@ifur's Publication**
**Copyright ©** ◻ **Saifur Rahman Khan**

[ এই বই অথবা বইয়ের কোন অংশ pdf করে বিক্রি করা বা free / সরবরাহ করা আইনত: দণ্ডনীয় ]

**Distributor**

18/2, জয়চন্দ্র ঘোষ লেন (শহীদ ময়েজউদ্দিন রেড ক্রিসেন্ট হাসপাতালের সামনে)
প্যারিদাস রোড, বাংলাবাজার, ঢাকা।
মোবাইল: 01713 43 20 15; 01613 43 20 16

**YouTube চ্যানেল :**
www.youtube.com/saifursofficial

S@ifur's-**এর বই পেতে :**
01713 43 20 15; 01613 43 20 16
**(10 am 5 pm)**

English **ও ক্যারিয়ার নিয়ে বইয়ের অর্ডার করতে :**
www.saifursbooks.com

**ISBN Number: 978-984-99272-7-3**

**Compose & Design:**
Md. Al-Mamun Ferdous; Abdul Kuddus Shaikh

**Price : 350 Tk.**



Recent Bazar

# Table of Contents

01. **2022-2024**-এর বিভিন্ন ভার্সিটি / BCS / Bank / অন্যান্য JOB পরীক্ষার Analogy সমাধান ............................. 574

02. 2020-2021-এর বিভিন্ন পরীক্ষার Analogy সমাধান .................... 558

03. 2019-2020-এর বিভিন্ন পরীক্ষার Analogy সমাধান .................... 027

04. Analogy Review ............................................................ 005

05. Most কমন Types of Analogies ........................................ 013

06. Exercise # 01 ............................................................. 016

07. Exercise # 02 ............................................................. 020

08. ***Important vocabulary for analogy***

- বিভিন্ন ধরনের যন্ত্র ........................................................ 072
- বিভিন্ন জিনিসের আবরণ .................................................. 075
- বিভিন্ন ধরনের মানুষের *group* (দল / ঝাঁক) ............................ 076
- বিভিন্ন ধরনের জিনিসের *group* (দল / ঝাঁক) ............................ 077
- বিভিন্ন বৈশিষ্ট্যের অধিকারী ব্যক্তি ........................................ 077
- বিভিন্ন পেশা সংক্রান্ত শব্দ ................................................ 081
- বসবাসের/রাখার/তৈরির/ করার জায়গা ...................................... 082
- বিভিন্ন ধরণের অভিব্যক্তি তথা (*Expression*) ............................ 083
- বিভিন্ন বিজ্ঞান ............................................................ 084
- বৈজ্ঞানিক যন্ত্রের নাম এবং তার কাজ ...................................... 086
- জীবজন্তুর *Group* ......................................................... 087
- বিভিন্ন ধরণের গতি ........................................................ 088
- বিভিন্ন জীবের স্ত্রী-পুরুষ .................................................. 090
- বিভিন্ন জীব-জন্তুর বাচ্চা/শাবক ............................................ 090
- বিভিন্ন পশুর গোস্ত ........................................................ 091
- বিভিন্ন জীবজন্তুর আওয়াজ ................................................ 092
- বিভিন্ন জিনিসের শেষাংশ/ প্রথমাংশ ...................................... 093
- *Miscellaneous* (মিসেল্যানিয়াস্ = বিবিধ) শব্দ ........................... 093
- *Analogy*-এর জন্য আরো কিছু *important Verb* ......................... 097

09. ***Practice vocabulary for analogy***
সকল পরীক্ষার প্রশ্ন ও সমাধানসহ ..................................... 098 - 557



বিভিন্ন ভার্সিটি ভর্তি, BCS, JOB,

MBA, BBA, EMBA প্রভৃতি পরীক্ষায়

**Analogy ও Vocabulary**

# কমন পাওয়ার


## একমাত্র বই এখন

## আপনি পড়ছেন !

Recent Bazar

# Practice Analogy A

**01. ABACUS** (অ্যাব্যাকাস্ - গণনা-যন্ত্রবিশেষ) : **CALCULATE** ::
(A) organ : worship **(DU, IBA-MBA : 2004-05)**
(B) patent (প্যাটেন্ট্ - স্বত্ব) : invent
(C) calipers : regulate
(D) manuscript : edit
(E) radar (রাডার) : detect (ডিটেক্ট)



**অর্থ বুঝে সমাধান**

(E) *ABACUS* (অ্যাব্যাকাস) হলো একটি ফ্রেমের মধ্যে ছোট ছোট বল দ্বারা গণনার একটি যন্ত্র যা দিয়ে গণনা করা যায়। আর, *radar* (রাডার) হলো জাহাজ, বিমান বা নভোযানের পাইলট কর্তৃক ব্যবহৃত যন্ত্র যার সীমার মধ্যে আগত যেকোনো বস্তুর অস্তিত্ব ধরা পড়ে। এখন, সম্পর্কগুলো পরিষ্কার,

*ABACUS* দিয়ে *CALCULATE* (ক্যাল্কুলেইট্) মানে, গণনা করা হয়
আর *radar* দিয়ে *detect* (ডিটেক্ট) মানে, সনাক্ত করা হয়।

**02. ABANDON** (বিধি-নিষেধ মুক্ত) : **INHIBITION** (বাধা, নিষেধ) ::
(A) ascendancy : effort
(B) prickliness : sensation (সেন্সেইশন্ - চাঞ্চল্য)
(C) surrender : resignation
(D) reversal : instigation
(E) tranquillity (ট্রাংকুয়িল্ - শান্ত, স্থির) : agitation (বিক্ষোভ)

**সমাধান**

(E) *Abandon* (অ্যাবান্ডান্) শব্দের প্রচলিত অর্থ পরিত্যাগ করা; এটা অনেকেরই জানা আছে। কিন্তু এই প্রশ্নে দ্বিতীয় শব্দ হলো *Inhibition* (ইন্হিবিশন্ = বাধা-নিষেধ)। তাই, এখানে *Abandon* অর্থ হলো বাধা-বন্ধনহীন উচ্ছ্বাস। *Abandon* শব্দের এই অর্থটা বেশিরভাগেরই অজানা। যেহেতু এখন এখানে বলা হলো, অতএব, এই অপ্রচলতি অর্থটাও এখন মাথার ভিতর ঢুকিয়ে নাও।

এখন শব্দ দুটোর সম্পর্ক তৈরি করা যাক:

*ABANDON* মানে হলো *free from* *INHIBITION*;
আর *tranquillity* মানে হলো *free from* *agitation.*





**03. ABASH** (অ্যাব্যাশ্) : **EMBARRASSMENT** (য়েম্-ব্যা-র‍্যাস্-মেন্ট) ::
(A) dislike : hypocrisy
(B) pretend : imagination
(C) annoy (অ্যানয়্) : irritation (ইরিটেইশ্ন)
(D) suspect : illegality
(E) demolish : renovation

**সমাধান**

(C) মানুষ *ABASH* (লজ্জা পাওয়া) হয় *EMBARRASSMENT* (বিব্রত) থেকে;
আর মানুষ *annoy* (রেগে যাওয়া) হয় *irritation* (বিরক্তি) থেকে।

**04. ABRADED** (অ্যাব্রেইডেড্) : **FRICTION** (ফ্রিক্শান্ - ঘর্ষণ) ::
(A) refined : distillate **[JU, E Unit (BBA): 2015-16]**
(B) anodized (অ্যান্-ডাইঝড্ - ক্ষয় প্রতিরোধক ধাতুর আবরণযুক্ত) : metal
(C) diluted : gas
(D) strengthened : pressure
(E) vaporized (ভেই-পোঔরাইয্ড্ - বাষ্পীভূত) : heat

**সমাধান**

(E) *ABRADED* হয় *FRICTION*-এর কারণে;
আর *vaporized* হয় *heat*-এর কারণে।

**05. ABDUCTION** (অ্যাব্ডাক্শান্ - অপহরণ) : **PERSON** ::
(A) duress (ডিউরেস্ - বাধ্য করে জোরপূর্বক) : threat
(B) robbery (রবারি) : property
(C) deception (ডিসেপশন্ - প্রতারণা) : credulity
(D) larceny (লারসেনি - চুরি) : victim
(E) battery : weapon

**সমাধান**

(B) *PERSON*-কে জোড় পূর্বক নিয়ে যাওয়াকে বলে *ABDUCTION*;
আর *property* জোড় পূর্বক দখল করাকে বলে *robbery* (= ডাকাতি)।



Recent Bazar

**06. ABERRATION** (অ্যাবেরেইশন্ - বিচ্যুতি) : **STANDARD** (মানদন্ড) ::
(স্ট্যান্ডার্ড)

(A) censorship : news
(B) statement : policy
(C) detour (ডিঠুউর্ - ঘুর পথ) : route (রাউট্ - ভ্রমণের পথ)
(D) rumor : gossip
(E) encore (য়েন্কোর্ - বাহবা) : performance

**সমাধান**

(C) *ABERRATION* হলো *STANDARD* থেকে সরে যাওয়া।
অপরদিকে, *detour* হলো *route* থেকে সরে যাওয়া।

**07. ABHOR** (এ্যাব্হোর্ - ঘৃণা করা ): **DISLIKE** (ডিস্লাইক্ - অপছন্দ করা) ::

**(RU, Mgt: 2009-10; DU (IBA-BBA) : 2004-05)**

(A) chastise (চ্যাস্টাইয্ - কঠোর বকা দেয়া) : punish
(B) qualify : limit
(C) ruin (রূইন্) : damage



**সমাধান**

(C) *ABHOR* (অ্যাব্হোর্ - ঘৃণা করা) হলো বেশি *DISLIKE* ।
*ruin* (সম্পূর্ণ ধ্বংস) হলো বেশি *damage* ।

**08. ABRASIVE** (ঘষা লেগে ক্ষয় করে এমন) : **SKIN** ::
(অ্যাব্রেইসিভ্)

(A) flammable : fire
(B) resilient : shock
(C) soluble (সলিউ্বেল্ - গলে যায় এমন) : water
(D) corrosive (করোসিভ্) : iron
(E) responsive : stimulus

প্রশ্ন থাকলে SMS করো:
সাইফুর স্যার
**01713 43 20 02**
(WhatsApp)

**সমাধান**

(D) *SKIN* (চামড়া) ক্ষয় হয় *ABRASIVE* (ক্ষয়কারী) দ্বারা ;
আর *iron* ক্ষয় হয় *corrosive* (ক্ষয়কারী) বস্তু দ্বারা।





**09. ABRIDGE** (অ্যাব্রিজ্ - সংক্ষেপ করা) : **NOVEL** (উপন্যাস) ::

(A) interrupt : conversation
(B) rehearse : play
(C) terminate (টার্মিনেইট্ - শেষ করা) : ending
(D) punctuate : sentence
(E) abbreviate (অ্যাব্রিভিয়েইট্ - ছোট করা) : word (শব্দ)

**সমাধান**

(E) *ABRIDGE* (সংক্ষেপ করা) অর্থ হলো *NOVEL*-কে সংক্ষেপ করা ;
*abbreviate* (সংক্ষিপ্ত করা) করা হলো *word*-কে সংক্ষেপ করা।

**10. ABSCOND** (অ্যাব্স্কন্ড্ - গোপনে সরে পড়া) : **DEPART** (ডিপার্ট্ - প্রস্থান করা) ::

(A) eavesdrop (ইভ্স্ড্রপ - আড়ি পাতা) : listen
(B) abstain (বিরত থাকা) : indulge
(C) blunder (ব্লান্ডার্ - ভুল করা) : rectify
(D) flee (ফ্লিই - পালানো) : escape
(E) invest : speculate



**সমাধান**

(A) *ABSCOND* (অ্যাব্স্কন্ড্) অর্থ গোপনে *DEPART* করা ;
আর *eavesdrop* (ইভ্স্ড্রপ্) অর্থ গোপনে *listen* করা।

**11. ABSORB** (অ্যাব্সর্ব্) : **SPONGE** (স্পঞ্জ - পানি শুষে নিতে পারে এমন পদার্থ) ::

(A) spin : wool
(B) stain : detergent
(C) pump : gasoline
(D) seal (সিইল্) : caulk
(E) sharpen : pencil

**সমাধান**

(D) *ABSORB* (শুষে নেয়া) করা হয় *SPONGE* (স্পঞ্জ) দিয়ে ;
আর *seal* (ছিদ্র বন্ধ করা) করা হয় *caulk* (কক্) দিয়ে ।



Recent Bazar

12. **ABSTEMIOUS** (অ্যাব্স্টিমিয়াস্ - সংযমী) : **INDULGE** (ইন্ডাল্জ্ - ভোগ করা)
(A) affectionate (স্নেহপূর্ণ) : embrace
(B) austere (অস্টিয়ার্ - সাদামাটা) : decorate (সাজ-সজ্জা করা)
(C) articulate (স্পষ্ট করে বলা) : preach
(D) argumentative : harangue (হ্যারেইঙ্ - দীর্ঘ আক্রমণাত্মক বক্তৃতা)
(E) affable (অমায়িক) : jest (জোক করে কথা বলা)

**সমাধান**

(B) *ABSTEMIOUS* ব্যক্তি *INDULGE* করে না ;
আর *austere* ব্যক্তি *decorate* করে না।

13. **ACCELERATE** (অ্যাক্সিলারেইট্ - গতি বৃদ্ধি করা) : **SPEED** (স্পিড্) ::
(A) assess (মূল্যায়ণ করা) : value
(B) elaborate (য়েলাবোরেইট্ - বর্ণনা করা) : quality
(C) disperse (ডিছ্পারছ্ - ছড়িয়ে ছিটিয়ে দেয়া) : strength
(D) prolong (প্রোলঙ্ - দীর্ঘায়িত করা) : duration (ডিউরেইশন্ - স্থায়িত্ব)
(E) enumerate (য়েনিউমারেইট্ - সংখ্যা দেয়া) : quantity

**সমাধান**

(D) *ACCELERATE* করলে *SPEED* (গতি) বাড়ে ;
আর *prolong* (প্রোলঙ্) করলে *duration* (স্থায়িত্ব) বাড়ে।

14. **ACCIDENT** : **MISHAP** (মিসাপ) ::
(A) eminent (য়েমিনেন্ট্ -বিখ্যাত) : notorious
(B) pacify (প্যাসিফাই - শান্ত করা) : provoke (প্রভৌক্ - উশকানী দেয়া)
(C) abrupt (এ্যাব্রাপ্ট্) : sudden
(D) dearth (ডার্থ্ - অভাব / ঘাটতি) : plenty

**সমাধান**

(C) *MISHAP* (দুর্ঘটনা) মানেই *ACCIDENT* (দুর্ঘটনা) ;
আর *sudden* (সহসা) মানেই *abrupt* (হঠাৎ)।





15. **ACCOLADE** (অ্যাকোলেইড্) : **HERO** ::
(A) blame (ব্লেম্) : culprit
(B) disgust : bully (বুলি - অবৈধ জোর খাটানো)
(C) gratitude : ingrate (ইন্গ্রেইট্ - অকৃতজ্ঞ)

**সমাধান**

(A) *ACCOLADE* (পুরস্কার) দেয়া হয় *HERO* কে ;
আর *blame* (নিন্দা) দেয়া হয় *culprit* কে।

16. **ACCOMPLICE** (অ্যা-ক-ম্প্লিস্) : **CRIME** (ক্রাইম্ - অপরাধ) ::
(A) inmate (বন্দী) : prison
(B) detective (ত্রুটিপূর্ণ) : clue
(C) partner : business (ব্যবসা)

**সমাধান**

(E) *ACCOMPLICE* (দুষ্কর্মে সহযোগী) হলো *CRIME*-এর সহযোগী ;
আর *partner* (অংশীদার) হলো *business*-এর সহযোগী।

17. **ACOUSTIC** (শব্দবিজ্ঞান) : **SOUND** (শব্দ)::
(A) mathematics : geometry
(B) passenger : bus
(C) pathology (প্যাথলোজী) : disease (রোগ)
(D) communication : phone

**সমাধান**

(C) *ACOUSTIC* (অ্যাকোঔস্টিক) হলো *SOUND*-এর বিজ্ঞান ;
*pathology* (রোগতত্ত্ববিজ্ঞান) হলো *disease*-এর বিজ্ঞান।

18. **ACQUIRE** (অ্যাকুয়ের্ - অর্জন) : **INHERIT** (উত্তরাধিকারী হওয়া) ::
(A) profit : loss
(B) learn : discover (ডিস্-কভার্ - আবিষ্কার করা)
(C) instinct (ইন্স্টিংক্ট্ - অনুমান) : habit
(D) hierarchical (পদের ক্রমপর্যায়) : succession (পর্যায়ক্রমিক)

**সমাধান**

(B) *INHERIT* করা মানে নতুন কিছু *ACQUIRE* করা।
আর *discover* করা মানে নতুন কিছু *learn* করা।



Recent Bazar

**19. ACRE** (য়েইকর) : **LAND** ::
(A) distance : space
(B) speed (গতি) : movement
(C) contrast (কন্ট্রাস্ট্ - তুলনা করা) : shadow
(D) performers : audience
(E) year : birthday

**সমাধান** (E) LAND মাপা হয় ACRE দ্বারা; আর *birthday* মাপা হয় *year* দ্বারা।

**20. ACROPHOBIA** (এক্রফোবিয়া - উচ্চতা সম্পর্কে আতঙ্ক) : **HEIGHTS** ::
(A) hydrophobia (জলাতংক রোগ - পানি দেখে ভয়) : dogs
(B) agoraphobia (অ্যাগোরা-ফোবিয়া - ভীড়ের আতঙ্ক) : crowds
(C) kleptomania (চুরি করার বাতিক) : valuables
(D) claustrophobia (ক্লস্ট্র-ফোবিয়া - আবদ্ধতাভীতি) : shelter
(E) arachnophobia (মাকড়শা সংক্রান্ত ভয়) : snakes

**সমাধান**



(B) ACROPHOBIA হলো HEIGHTS সংক্রান্ত ভীতি।
আর *agoraphobia* হলো *crowds* সংক্রান্ত ভীতি।

**21. ACT** (অভিনয় করা) : **STAGE** :: **[ JUST (D) : 2012-13 ; MBA : 1997-98 ]**
(A) play : concert
(B) lecture : program
(C) swim : pool

**সমাধান**

(C) ACT করা হয় STAGE-এ ; আর *swim* বের করা হয় *pool*-এ।

**22. ACTOR** (অ্যাক্টর্ - অভিনেতা) : **CAST** (কাস্ট্ - অভিনেতাদের দল) ::
(A) musician (মিউযিশিয়ান্ - বাদ্যযন্ত্রী) : orchestra (অর্কেস্ট্রা - বাদকদল)
(B) singer : song
(C) lecturer : class
(D) congregation (গীর্জায় জমায়েত লোকেরা) : church
(E) proofreader : text

**সমাধান**

(A) ACTOR হলো CAST-এর অংশ।
আর *musician* হলো *orchestra*-এর অংশ।





**23. ACTORS : TROUPE** (ট্রুপ - অভিনেতা-অভিনেত্রীদের দল) ::
(A) criminals : coterie (কোটারিই - উপদল)
(B) demagogues (ডেমা-গগ্স্ - বক্তৃতাবাগীশ নেতা) : junta
(C) politicians : clique (ক্ষুদ্র স্বার্থান্বেষী দল)
(D) soldiers (সৈন্যরা) : phalanx (ফ্ল্যালাংক্স্ - সৈন্যদের দল)

**সমাধান**

(D) ACTORS-এর সমন্বয়ে TROUPE গঠিত হয় ;
আর *soldiers*-এর সমন্বয়ে *phalanx* গঠিত হয়।

**24. ADDENDUM** (অ্যাডেন্ডাম্ - বইয়ের শেষে জুড়ে দেয়া অংশ) : **BOOK** ::
(A) extension (য়েক্সটেন্শন্ - সম্প্রসারণ) : house
(B) abridgement (সংক্ষিপ্তকরণ) : novel (উপন্যাস)
(C) agenda : meeting

**সমাধান** (A) ADDENDUM হলো BOOK-এর সংযোজিত অংশ ;
আর *extension* হলো *house* -এর সংযোজিত অংশ।

**25. ADMONISH** (অ্যাড্মনিশ্ - মৃদু বকা দেয়া) :
**DENOUNCE** (ডিনাউন্স্ - নিন্দা করা) ::



(A) challenge : overcome
(B) reward : praise
(C) control : contain (নিয়ন্ত্রণ করা)
(D) persuade (প্রলুব্ধ করা) : convince (রাজি করানো)
(E) punish : pillory (পিলো-রি - কঠোর শাস্তি দেয়া)

**সমাধান**

(E) ADMONISH-এর উচ্চতর মাত্রা হলো DENOUNCE ;
আর *punish*-এর উচ্চতর মাত্রা হলো *pillory* ।

**26. ADULATION** (চাটুকারিতা) : **FLATTERY** (ফ্ল্যাটারি - তোষামোদ) ::
(A) humility (বিনয়) : vanity (ভ্যানিটি - অহংকার)
(B) emulation (সমকক্ষ হবার চেষ্টা) : rivalry (প্রতিদ্বন্দ্বিতা)
(C) irascibility (সহজে রেগে যাওয়া) : provocation (উসকে দেয়া / বিরক্তি)
(D) castigation (ক্যাস্টিগেইশ্ন্ - কঠোর শাস্তি) : admonishment (তিরস্কার)

**সমাধান** (D) ADULATION এবং FLATTERY হলো প্রায় সমার্থক শব্দ;
আর *castigation* এবং *admonishment* হলো প্রায় সমার্থক শব্দ।



Recent Bazar

**27. ADULTERATE** (অ্যাডাল্টিরেইট্ - ভেজাল মেশানো) : **TAINT** (ঠেইন্ট্) ::
(A) separate : ameliorate (অ্যামেলিও-রেইট্ - উপশম হওয়া)
(B) investigate : cross
(C) refrigerate : close
(D) refine (রিফাইন্) : purify (পিউরিফাই - বিশুদ্ধ করা)
(E) rectify (সংশোধন করা) : undo (পূর্বের অবস্থায় আনা)

**সমাধান**

(D) ADULTERATE এবং TAINT (= ভেজাল দেওয়া) সমার্থক ;
*refine* (বিশুদ্ধ করা) এবং *purify* (= বিশুদ্ধ করা) সমার্থক।

**28. AFFABLE** (অ্যাফেইবল্ - বন্ধুভাবাপন্ন) : **FRIENDLY** ::
(A) fun (মজা) : smile
(B) amicable (অ্যামিকেইব্ল্ - বন্ধুত্বপূর্ণ) : congenial (কনজেনিআল্ - বন্ধুত্বপূর্ণ)
(C) hilarious (উল্লসিত) : delight
(D) speak : conversation
(E) outspoken (স্পষ্টভাষী) : taciturn (ট্যাসিটার্ন্ = স্বল্পভাষী)

**সমাধান**

(B) AFFABLE (অ্যাফাবল্) ও FRIENDLY সমার্থক; একইভাবে,
*amicable* (অ্যামিকেইব্ল্) ও *congenial* সমার্থক।

**29. AFFLUENT** (এ্যাফ্লুয়েন্ট - ধনী) : **IMPOVERISHED** (দরিদ্র) ::
(A) impecunious (গরীব) : needy
(B) rich : poor
(C) wealthy : opulent (ধনী)
(D) sick : sad (মন মরা)
(E) sanguine (স্যাংগুইন্ - আশাবাদী) : optimistic (আশাবাদী)

{ **RU (D) : 2016-17 ; DU, IBA-BBA : 1993-94** }

**সমাধান** → { ইম্পভারিশ্ড }

(B) AFFLUENT এবং *IMPOVERISHED* হলো বিপরীত শব্দ।
আর *rich* এবং *poor* হলো বিপরীত শব্দ।

**30. AGENDA** (সভায় আলোচ্য বিষয়সূচি) : **CONFERENCE** ::
(A) teacher : class
(B) agency : assignment
(C) map : trip (= ভ্রমণ)
(D) man : woman

**সমাধান** (C) AGENDA অনুযায়ী CONFERENCE পরিচালিত হয় ;
আর *map* অনুযায়ী *trip* পরিচালিত হয়।





**31. AFFLUENT** (এ্যাফ্লুয়েন্ট - বিত্তবান) : **WEALTHY** ::
(A) repugnance (রিপাগ্ন্যান্স্ = ঘৃণা) : revulsion (বিতৃষ্ণা)
(B) quiet (শান্ত) : loud **(Evening MBA : 2005)**
(C) adoration : aversion (অ্যাভের্শন্ - বিতৃষ্ণা)
(D) qualification : incompetence (অদক্ষতা)
(E) permanent : tenacious (নাছোড়বান্দা)

**সমাধান**

(A) AFFLUENT এবং WEALTHY হলো সমার্থক।
*repugnance* এবং *revulsion* (রিভাল্শন্) হলো সমার্থক।
[ = *a strong feeling of disgust* (অপছন্দ) ]


**32. AGGRANDIZE** (অ্যাগ্রেন্ডাইয্ - পুঞ্জীভূত করা) : **AUGMENT** (বাড়ানো) ::
(A) declension : ascent
(B) abatement (অ্যাবেইট্মেন্ট) : extenuation (এক্সটেনিয়েশন্)
(C) adjunct (সংযোজন) : segregation
(D) increment : diminution (হ্রাসপ্রাপ্তি)

**সমাধান**

(B) AGGRANDIZE করলে AUGMENT (বৃদ্ধি করা) হয় ;
আর *abatement* (কমানো) করলে *extenuation* (প্রশমন) হয়।

( উচু ছাদ বিশিষ্ট প্লেন রাখার জন্য )

**33. AIRPLANE : HANGAR** (হ্যাঙ্গার) :: **[DU, C unit : 2003-04]**
(A) ship : channel
(B) jet : runway
(C) helicopter : pad
(D) motorcycle : sidecar
(E) automobile : garage



**সমাধান**

(E) AIRPLANE রাখা হয় HANGAR-এ।
আর *automobile* রাখা হয় *garage*-এ।



Recent Bazar

**34. AIRPLANE : HANGAR** (হ্যাঙ্গার্) ::
(A) ship : channel
(B) jet : runway
(C) automobile (অটোমোবাইল্ - গাড়ী) : garage
(D) swan (সোয়ান্ - রাজহাঁস) : drake (ড্রেইক)
(E) rickshaw : pedal

প্লেন রাখার জন্য, উচু ছাদ বিশিষ্ট ঘর যা *plane*-কে তাপ / বৃষ্টি থেকে বাঁচায়।

**সমাধান** (C) AIRPLANE রাখা হয় HANGAR-এ।
*automobile* রাখা হয় *garage* (গ্যারেইজ্)-এ।

**35. ALACRITY** (ক্ষিপ্রতা; কাজে দ্রুততা) : **PROMPT** (তৎপর, চট্পটে) ::
(A) service : kind
(B) aggravation (অ্যাগ্রাভেইশন্ - অবনতি) : temperamental (মেজাজী)
(C) intuition (ইন্‌ঠুইশন্ - ধারণা) : impulsive (আবেগপ্রবণ)
(D) acumen (সূক্ষ্ম বুদ্ধি) : shrewd (ধূর্ত)
(E) sentiment : thoughtful

**সমাধান** (D) যে PROMPT তার ALACRITY থাকে ;
আর যে *shrewd* তার *acumen* থাকে।

**36. ALARM : TRIGGER** ::
(E) trap : spring **[ EMBA, 2012 ]**

**সমাধান**

*Trigger* দ্বারা *Alarm* চালু করা হয়। *Trigger*-এ চাপ পড়লে *Alarm* বাজে।
অপরদিকে *spring*-এর সাহায্যে *trap*-কে সেট করা হয়।
*spring*-এ চাপ পড়লে *trap* বা ফাঁদ কার্যকর হয়। উত্তর: (E)।

**37. ALCOVE** (কুঠুরি, গৃহের গোপন স্থান) : **RECESS** (গুপ্তস্থান, চোরকুঠুরি, কুলুঙ্গি) ::
(A) turret : chimney
(B) dome (গোলাকার গম্বুজ) : roof
(C) column : entrance
(D) foyer (প্রবেশ কক্ষ) : ballroom
(E) foundation : building



**সমাধান**

(D) ALCOVE এবং RECESS হলো সমার্থক শব্দ ;
আর *foyer* এবং *ballroom* হলো সমার্থক শব্দ।





**38. ALLAY** (লাঘব করা) : **FEAR** ::
(A) slake (তৃষ্ণা মিটানো) : thirst
(B) allege (অ্যালিজ্ - অভিযোগ করা) : attack
(C) appall (অ্যাপল্ - প্রচণ্ড ভয়ের উদ্রেক করা) : horror (আতংক)

**সমাধান**


(A) *ALLAY* করলে *FEAR* দূর হয় ; আর *slake* করলে *thirst* দূর হয়। | *Fear*-কে *allay* করা হয় ; *thirst*-কে *slake* করা হয়।

**39. ALLERGY : REACTION** ::
(A) rash (র‍্যাশ্ - চুলকানি) : body
(B) lancet (শল্যচিকিৎসকের ছুরিবিশেষ) : instrument (যন্ত্র, অস্ত্র, সাধিত্র)
(C) antihistamine (হিস্টামিন প্রতিরোধক ড্রাগ) : symptom
(D) cocoon (রেশম গুটি) : skeleton
(E) pollen (পোলেন্ - ফুলের পরাগ) : flower



**সমাধান** (B) ALLERGY এক ধরনের REACTION ;
আর *lancet* এক ধরনের *instrument* ।

**40. ALLEY** (অ্যালি - সরু গলি) : **BOWLING** (এক ধরনের খেলা)
(A) path : walkway
(B) lane : freeway (বিদেশের হাইওয়ে)
(C) horse : polo (পোলো - খেলা)
(D) diamond : baseball



**সমাধান**

(D) BOWLING খেলার মাঠকে ALLEY বলে।
আর *baseball* খেলার মাঠকে *diamond* বলে।

**41. ALLEVIATE** (উপশম করা) : **CURE**:: **[Janata Bank-2015]**
(A) hinder (বাধা দেয়া) : help
(B) annul (অ্যানাল্ - বাতিল করা) : create
(C) retard (গতি কমানো) : stop
(D) eliminate (নির্মূল করা) : avoid
(E) squander (স্কোয়্যান্ডার্ - অপব্যয় করা) : hoard (জমা করা)

**সমাধান** (C) বেশি ALLEVIATE হলো CURE করা ;
আর বেশি *retard* হলো *stop* করা।



Recent Bazar

**42. ALLOY** (অ্যালয় - ধাতব সংমিশ্রন, সংকর) : **METALS** ::
(A) tin : lead (লেড্ - সীসা)
(B) cake : ingredients (ইন্‌গ্রেডিয়েন্ট্‌স্ - উপাদানগুলো)
(C) gold : rings
(D) medley (মেড্‌লি - মিশ্রণ) : ore (ওর্ - আকরিক)
(E) hybrid (হাইব্রীড্) : mongrels (মঙ্‌গ্রেল্‌স্ - সংকর বা হাইব্রিড কুকুর)

**সমাধান**

(B) অনেক METALS (ধাতু) মিলে ALLOY তৈরি হয়।
আর অনেক *ingredients* (উপাদান) মিলে *cake* তৈরি হয়।

**43. ALLUSION** (অ্যালিউ্‌শন্) : **REFERENCE** (উল্লেখ) ::
(A) brevity : longevity
(B) conglomeration (কংলোমিরেইশন্) : accumulation (অ্যাকিউ্-মিউলেই-শন্)
(= জমাকরণ)
(C) antipathy (বিদ্বেষ) : apathy (উদাসীনতা)
(D) epitome : ennui (য়েনুই - একঘেঁয়েমি)
(E) artifice (কারচুপি / প্রতারণা) : sincerity

**সমাধান**

(B) *The given words are synonyms.* অর্থাৎ শব্দ দুটি একটি অন্যটির সমার্থক।

ALLUSION (পরোক্ষ উল্লেখ) হলো REFERENCE-এর সমার্থক ;
*conglomeration* (একত্রী-করণ) হলো *accumulation* -এর সমার্থক।

**44. ALTIMETER** (উচ্চতা মাপার যন্ত্র) : **HEIGHT** ::
(A) speedometer (গতি মাপার যন্ত্র) : velocity (বেগ)
(B) observatory : constellation
(C) racetrack : furlong
(D) vessel : knot
(নট্ - জাহাজের গতির একক)




**সমাধান**

(A) ALTIMETER দিয়ে HEIGHT মাপা হয় ;
আর *speedometer* দিয়ে *velocity* মাপা হয়।





**45. ALTRUISM** (অল্‌ট্রুইয্‌ম্ - পরোপকারিতা) : **SELFLESS** (সেল্‌ফ্‌লেস্) ::
(A) humanism : secure (সিকিওর্ = নিরাপদ)
(B) fatalism : deadly
(C) semantics (শব্দের অর্থ সংক্রান্ত বিদ্যা) : wordy (শব্দবাহুল্য)
(D) variety : various
(E) hedonism (হেডোনিয্‌ম্ - ভোগ-বিলাসী) : selfish (স্বার্থপর)

**সমাধান** (E) ALTRUISM হলো SELFLESS (নিঃস্বার্থ) ;
*hedonism* হলো *selfish* (স্বার্থহীন)।

**46. ALUMINIUM : METAL** ::
(A) alloy : element
(B) steel : tin
(C) hydrogen : water
(D) oxygen : gas

বিভিন্ন প্রশ্নের ভুল উত্তরগুলোর অজানা শব্দ এখন **শিখার দরকার নেই।**

**সমাধান** (D) *ALUMINIUM* হলো এক ধরনের *METAL*;
*oxygen* হলো এক ধরণের *gas*।

**47. AMALGAMATE** (একত্র করা) : **SEPARATE**
(A) desecrate : despoil
(B) capitulate : surrender
(C) promulgate : propagate
(D) vilify : decry (ডিক্রাই - নিন্দা করা)
(E) join : splinter (টুকরো করে ফেলা)

বরং সঠিক উত্তরের *word*-গুলোর অর্থ **ভালো করে শিখো !**

**সমাধান**

(E) AMALGAMATE এবং SEPARATE হলো বিপরীত শব্দ ;
আর *join* এবং *splinter* হলো বিপরীত শব্দ।

**48. AMBIGUOUS** (অ্যাম্বিগিউয়াস্ - দ্ব্যর্থবোধক) : **UNDERSTAND** ::
(A) veracious (ভেরেইশাস্ - সত্যনিষ্ঠ) : defend
(B) blatant (প্রকট; ডাহা) : ignore (ইগ্‌নোর - উপেক্ষা করা)
(C) prosaic (প্রসেইক্ - গদ্যময় / গতানুগতিক) : classify
(D) arcane (আর্‌কেইন্ - প্রাচীন) : conceal (গোপন করা)
(E) plausible (বিশ্বাসযোগ্য) : believe

**সমাধান** (B) যেটা AMBIGUOUS, সেটা UNDERSTAND করা কঠিন ;
আর যেটা *blatant,* সেটা *ignore* করা কঠিন।



Recent Bazar


49. **AMBIVALENT** (দোটানায় ভুগছে এমন) : **CERTAIN** (নিশ্চিত)
(A) indifferent : biased
(B) furtive (গোপন) : open
(C) impecunious (নিঃস্ব) : voracious
(D) discreet (বিচক্ষণ) : careful
(E) munificent (দানশীল) : generous

**Tips:**
প্রশ্নের সঠিক উত্তরের শব্দজোড়া ও *word*-দুটো ভালো করে
**বুঝো, শিখো ও লিখো!**

**সমাধান**

(B) যে AMBIVALENT, সে CERTAIN নয় ;
আর যা *furtive* (ফার্‌টিভ্), তা *open* নয়।

50. **AMORPHOUS** (সুনির্দিষ্ট আকারবিহীন যেমন: মেঘ) : **SHAPE** ::
(A) obvious : evidence
(B) humble (হাম্‌বেল্ - বিনয়ী; নম্র) : belief
(C) nondescript (অবর্ণিত / অদ্ভুত) : classification
(D) momentary (সাময়িক) : fame
(E) ambiguous (অ্যাম্‌বিগিউআস্ - দ্ব্যর্থবোধক; অস্পষ্ট) : meaning



**সমাধান** (E) AMORPHOUS জিনিসের SHAPE থাকে না ;
আর *ambiguous* জিনিসের *meaning* থাকে না।

51. **AMPLIFY** (বড়ো করা, তীব্রতা বাড়ানো) : **SOUND** ::
(A) overthrow (জোরপূর্বক ক্ষমতাচ্যুত করা) : dictator
(B) enlarge : photograph
(C) alleviate (অ্যালেভিয়েইট্ - উপশম করা) : pain

**সমাধান**

(B) AMPLIFY করলে SOUND বাড়ে ;
আর *enlarge* করলে *photograph* বড় হয়।

52. **AMULET** (অ্যামিউলেট্ - মন্ত্রপূত কবচ) : **EVIL** (য়িভিল্ - অশুভ) ::
(A) fort (ফোর্ট্ - দুর্গ) : attack (অ্যাটাক্ - আক্রমণ)
(B) murder : crime
(C) police : law
(D) bracelet : greed (গ্রীড্ - লোভ)
(E) fire : hose (হৌয্ - পানির মোটা পাইপ)



**সমাধান** (A) AMULET দ্বারা EVIL থামানো হয়।
আর *fort* দ্বারা *attack* থামানো হয়।

চিত্রঃ *Fort*





53. **AMUSING** (অ্যামিউযিঙ্ - আনন্দদায়ক) :
**UPROARIOUS** (আপ্‌রোরিয়াস্) :: **[ IBA-BBA : 2001-02 ]**
(A) quiet : noisy (নয়্‌ঝি - গোলমেলো / শব্দপূর্ণ)
(B) puzzling (পাঝ্‌লিঙ্ - ধাধায় ফেলে দেয় এমন) :
dumbfounding (ডাম্ব-ফাউন্‌ডিঙ্ - হতবুদ্ধিকর)
(C) intractable (ইন্‌ট্র্যাক্‌টেইবল্ - বশ করা যায় না এমন) :
stubborn (স্টাবর্‌ন্ - একগুঁয়ে)
(D) tired : weary (ওয়েরি - ক্লান্ত)

**সমাধান**

(B) বেশি AMUSING হলো UPROARIOUS (অত্যন্ত হাস্যকর)।
বেশি *puzzling* হলো *dumbfounding* (চরম বিহ্বলকর)।

54. **ANALGESIC** (বেদনা উপশমকারী ঔষধ) : **PAIN** ::
(A) antiseptic : cleanliness
(B) tranquilizer (শান্ত বা উপশমকারী ঔষধ) : anxiety (দুশ্চিন্ত)
(C) sedative (ঘুম এনে ব্যথা কমিয়ে দেয়) : sleep
(D) antibiotic : medicine

**সমাধান**

(B) ANALGESIC-এর কাজ PAIN লাঘব করা ;
*tranquilizer*-এর কাজ *anxiety* লাঘব করা।

55. **ANARCHY** (অ্যানারকি - অরাজকতা; নৈরাজ্য) : **GOVERNMENT** ::
(A) penury (পেনিউরি - দারিদ্র্য) : wealth
(B) chaos : disorder (ডিয্‌অর্‌ডার্ - বিশৃঙ্খলা)
(C) monarchy (মনার্কি - রাজতন্ত্র) : republic
(D) verbosity (ভার্‌বোসিটি - শব্দবাহুল্য) : words
(E) ethics : philosophy

**[ সোনালী ব্যাংক : 2019; SBL, TO: 2018 CU (A): 2016-17; JU, (E) BBA: 2015-16 (Set-1,5) ]**

**সমাধান**

(A) ANARCHY ঘটে GOVERNMENT-এর অভাবে
*penury* ঘটে *wealth* (সম্পদ)-এর অভাবে।




Recent Bazar

**56. ANATHEMA** (আন্যাথেমা - অভিশাপ) : **CURSE** (কার্স্ - অভিশাপ) ::

(A) benediction (বেনেডিক্শন্ - আশীর্বাদ) : song

(B) admonition (তিরস্কার বা ভর্ৎসনা) :
reproach (রিপ্রৌচ - ভর্ৎসনা)



(C) supposition (অনুমান) : proof

(D) homage (সম্মান) : disrespect

(E) exhortation (য়েক্-হর্-টেইশ্ন্ - জোরালো অনুরোধ) : flattery

**সমাধান**

(B) ANATHEMA এবং CURSE হলো synonym।
আর *admonition* (এ্যাড্‌মোনিশন্) এবং *reproach* হলো synonym।

**57. ANCHOR** (অ্যাংকর্) : **NEWSROOM** ::

[ এমনিতে *anchor* অর্থ নোঙ্গর। এই analogy প্রশ্নে *Newsroom* থাকাতে *anchor* অর্থ হলো *TV / radio*-র *Newsroom*-এর অনুষ্ঠানের উপস্থাপক / সঞ্চালক ]

(A) sailor : lighthouse

(B) novelist : plot (কাহিনী)

(C) artist : exhibit

(D) mourner : cemetery (সিমেট্রি - কবরস্থান)



(E) astronomer (জ্যোতির্বিদ) : observatory (অব্‌যার্‌ভেটরি = মানমন্দির = গ্রহ-নক্ষত্র দেখার জন্য বড় দূরবীন থাকে যেই বিল্ডিংয়ে)

**সমাধান**

(E) ANCHOR এর কাজের স্থান হলো NEWSROOM ;
*astronomer* এর কাজের স্থান হলো *observatory* ।

**58. ANECDOTE** (অ্যানেক্‌ডোওট্ - ছোট মজার গল্প) : **STORY**

(A) ballad (ছোট গীতি কবিতা বা গান) : song

(B) novel : chapter

(C) limerick (লিমেরিক্ - ছোট মজার ছড়া) : poem

(D) prose (গদ্য) : poetry

(E) overture (পূর্বরঙ্গ / প্রস্তাবনা) : opera

**সমাধান** (C) ANECDOTE হলো মজার ছোট STORY ;
আর *limerick* হলো মজার ছোট *poem* ।





**59. ANGER** : **CHOLERIC** (ক-লে-রিক্ - খিটখিটে) ::

(A) wrath (র‍্যাথ্ - প্রচণ্ড রাগ) : ironic (বিদ্রুপাত্মক)

(B) love : bucolic (বিউ-ক-লিক্ - গ্রাম্য)

(C) island : volcanic

(D) greed (গ্রীড্) : avaricious (অ্যাভারিশাস্)

(E) pride : miser (মাইযার্ - কৃপণ)



**সমাধান**

(D) CHOLERIC (বদমেজাজী) লোকের বৈশিষ্ট্য ANGER (রাগ) ;
আর *avaricious* (লোভী) লোকের বৈশিষ্ট্য *greed* (লোভ)।


**60. ANGLE** (অ্যাংগেল = কোণ) : **DEGREE** ::

**[ CU : 2014-15; EMBA : 2003; যমুনা Bank : 2009 ]**

(A) letter : alphabet

(B) milk : quart

(C) area : square inch




**সমাধান**

(C) ANGLE (কোণ) মাপার একক হলো DEGREE।
আর *area* (ক্ষেত্রফল) মাপার একক হলো *square inch*।

**61. ANONYMOUS** (বেনামী) : **IDENTIFY** (আইডেন্‌টি-ফাই - সনাক্ত করা) ::

(A) nonchalant (নন্‌শ্যালান্ট্ = ভাব-লেশহীন) : excite (য়েক্‌সাইট্ - উত্তেজিত করা)

(B) repressed (অবদমিত) : constrain (কন্-স্ট্রেইন্ - দমন করা)

**সমাধান**

(A) ANONYMOUS-কে IDENTIFY করা যায় না ;
আর *nonchalant*-কে *excite* করা যায় না।

**62. ANIMAL** : **MENAGERIE** (মেন্যাজেরিই - প্রদর্শনীর প্রাণী রাখার স্থান) ::

(A) painting : museum (B) flowers : pot



**সমাধান**

(A) ANIMAL দেখানো হয় MENAGERIE-তে;
আর *painting* দেখানো হয় *museum*-এ।



Recent Bazar